



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ nhrc.bd@gmail.com

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/ -২৩৯/১৩- ১০৫

তারিখঃ ১৪ সেপ্টেম্বর ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

গৃহকর্মী খাদিজা নির্যাতনের ঘটনায় কমিশনের ফুলবেঞ্জে রায় ঘোষণা

গণমাধ্যমে প্রকাশিত ২৪.৬.২০২০ তারিখের সংবাদে গৃহকর্মী খাদিজা নির্যাতন ঘটনায় মহামান্য হাইকোর্ট বিভাগের পূর্ণাঙ্গ রায় প্রকাশের বিষয়টি জাতীয় মানবাধিকার কমিশন অবহিত হয়। উল্লেখ্য ঘটনাটি গত ০৮.১২. ২০১৩ তারিখের। কমিশন পূর্ণাঙ্গ রায়ের সার্টিফাইড কপি জন অবেক্ষা করে গত ১৭.০৭.২০১৯ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের সার্টিফাইড কপি প্রাপ্ত হয়। আলোচ্য রায়ের নির্দেশনা অনুসরণে জাতীয় মানবাধিকার কমিশনের ফুলবেঞ্জে দুই দফা শুনানি শেষে অদ্য ১৪.০৯.২০২০ তারিখ কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি নিম্নলিখিত সুপারিশসহ রায় ঘোষণা করে। এসময় উপস্থিত ছিলেন কমিশনের সার্বক্ষণিক সদস্য ড. কামাল উদ্দিন আহমেদ, অবৈতনিক সদস্য তৌফিকা করিম, জেসমিন আরা বেগম, মিজানুর রহমান খান, চিংকিউ রোয়াজা।

(ক) জাতীয় মানবাধিকার কমিশন আইন, ২০০৯ এর ১৯(১) (ক) ধারার আলোকে যে বা যারা গৃহকর্মী খাদিজা নির্যাতনের ঘটনাটিকে ভিন্ন খাতে প্রবাহিত করার চেষ্টা করে খাদিজার বিচার পাওয়ার অধিকারকে ক্ষুণ্ণ করে মানবাধিকারের লঙ্ঘন করেছেন সে সকল দায়ী ব্যক্তিদের চিহ্নিতক্রমে যথাযথ আইনগত ব্যবস্থা নেয়ার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব বরাবরে সুপারিশ করা হলো।

(খ) কমিশনের নিকট ভিকটিম খাদিজা বক্তব্য প্রদানের সময় ঘটনার বর্ণনা দিয়ে বিচার চেয়েছে। ঘটনার সময় ভিকটিম খাদিজা মা হারা একজন অনাথ শিশু হিসেবে যে নির্যাতনের শিকার হয়েছে বর্তমানেও নির্যাতনের সেই ক্ষত তার মনে দাগ কেটে আছে। অবস্থায় জাতীয় মানবাধিকার কমিশন আইন, ২০০৯ এর ১৯(২) ধারা মতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষে জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব ভিকটিম খাদিজার বরাবরে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা নির্বাহী অফিসার ভান্ডারিয়ার মাধ্যমে সাময়িক সাহায্য মঞ্জুর করার ব্যবস্থা নিবেন মর্মে সুপারিশ করা হলো।

(গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ, কমিশন আইনের ১৯(৪) ধারার বিধানের আলোকে কমিশন কর্তৃক (ক) ও (খ) সুপারিশকৃত বিষয়ে গৃহীত ব্যবস্থা আগামী ০৩ (তিন) মাসের মধ্যে কমিশনকে অবহিত করবেন।

স্বাক্ষরিত/-

ফারহানা সান্দ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ